# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

দ্বাদশ শ্রেণি মূল্যায়ণ পরীক্ষা-২০২১

শ্রেণি ঃ দ্বাদশ

বিষয় ঃ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা

সময় ঃ ২ ঘন্টা ৩০ মিনিট পূর্ণমান ঃ ৭০

***(যেকোন সাতটি প্রশ্নের উত্তর দাও।)***

১। বিশ্বব্যাপি আক্রান্ত করোনা মহামারির কারণে নিপু কর্পোরেশন তাদের কর্মচারীদের আসা-যাওয়ার জন্য নতুন করে যাতায়াত সুবিধা চালু করেছে। এতে কর্মকর্তা-কর্মচারিরা প্রতিষ্ঠানের প্রতি প্রচন্ডভাবে কৃতজ্ঞ। নিপু কর্পোরেশনের আরো বহুবিধ কর্মীমুখী কার্যক্রম প্রতিষ্ঠানের সুনাম বৃদ্ধিতে ভূমিকা রাখে। ফলশ্রুতি দেশে প্রসিদ্ধ প্রতিষ্ঠান হিসেবে নিপু কর্পোরেশন এর দীর্ঘদিনের ঐতিহ্য রয়েছে। তাই এই প্রতিষ্ঠানের লোভনীয় চাকুরীর ফলে শ্রমঘুর্ণায়মান হ্রাস পায় এবং ধারাবাহিকভাবে মানসম্পন্ন পণ্য উৎপাদনে বাজারে তাদের সুনাম যথেষ্ট।

ক) তাড়না কী? ১

খ) মনোবল হলো মানুষের মানসিক শক্তি-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে নিপু কর্পোরেশনে নতুন করে কোন ধরণের প্রেষণা দানের কৌশল প্রয়োগ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) “নিপু কর্পোরেশনে বহুবিধ কর্মমুখী প্রেষণা মূলক কার্যক্রম শ্রম ঘূর্ণায়মানতা হ্রাস করেছে”
- উক্তিটির যথার্থতা কিনা? মূল্যায়ণ কর। ৪

২। মিঃ রকি, “ইতি ইন্ডাষ্ট্রিজের” মহাব্যবস্থাপক হিসেবে যোগদান করে প্রতিষ্ঠানে বেশ কিছু মৌলিক পরিবর্তন করেন ও সবার সাথে সমন্বয়ের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি প্রতিষ্ঠানের ভিন্ন ভিন্নদের বা স্তরের কর্মীদের মধ্যে যোগসূত্র স্থাপনের মাধ্যমে সংগঠনের সকল কাজের সাথে সুন্দর সমন্বয়ের ব্যবস্থা করেন। পরবর্তীতে তিনি প্রতিষ্ঠানিক লক্ষ্যার্জন সহজ করার জন্য প্রতিষ্ঠানের প্রতিটি বিভাগ, উপবিভাগ বা শাখা পর্যায়ে সকল কাজগুলোকে এমন ভাবে বন্টিত করলেন যাতে প্রত্যেকের কাজের সাথে প্রত্যেকের কাজের সমতা বিধান হয়। ফলশ্রুতিতে বছরান্তে “ইতি ইন্ডাষ্ট্রিজে” লক্ষ্য মাত্রার চেয়ে আরো অধিক মান সম্পন্ন উৎপাদন সম্ভব হয়।

ক) কাম্য তত্ত্বাবধান পরিসর কী? ১

খ) স্বেচ্ছামূলক সমন্বয় প্রতিষ্ঠানের মধ্যে মতানৈক্য দূর হয়-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে মিঃ রকি “ইতি ইন্ডাষ্ট্রিজে” কোন ধরনের সমন্বয় সাধনের ব্যবস্থা করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ) লক্ষ্য মাত্রার চেয়ে অধিক মানসম্পন্ন উৎপাদনে মিঃ রকির সমন্বয় সাধনের যে নীতির উপর অত্যধিক গুরুত্ব দিয়েছেন সেটির ভূমিকা প্রবিধানযোগ্য” উদ্দীপকের আলোকেবিশ্লেষণ কর। ৪

৩। টেকনাফের হোটেল “সানমুন” সুনামের সহিত ক্রেতাদের খাবার পরিবেশন করে আসছে। মিয়ানমারের শরনার্থী আসার পর তাঁর ভোক্তা বেড়ে যাওয়ার “সানমুন” হোটেল বেশী মুনাফার জন্য নিম্নমানের খাবার অধিক মূল্যে বিক্রয় করা শুরু করেন। এতে হোটেলের সুনাম ক্ষুন্ন হয়। তাই “সানমুন” হোটেল কর্তৃপক্ষ তাদের হারানো সুনাম ফিরে পাওয়ার জন্য তৎপর হয়েছে।

ক) নীতিবিদ্যা কী? ১

খ) ধনাত্মক মূল্যবোধ ন্যয় পথে ব্যবসায় পরিচালনার ভূমিকা রাখে-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের “সানমুন” হোটেলে ভোক্তা বেড়ে যাওয়ায় ব্যবসায়ের কোন বিষয়টি লঙ্ঘন করেছে-ব্যাখ্যা কর। ৩

ঘ) মূল্যবোধের আক্ষয় পরিহার করার মাধ্যমে “সানমুন” হোটেল হারানো সুনাম ফিরে পেতে পারে”-
উক্তিটির যর্থাযর্থতা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪। মি: নিপু লক্ষ্য করেন, তার এলাকায় শীতকালে প্রচুর টমেটো উৎপাদন হয়। কিন্তু চাহিদার তুলনায় অনেক বেশি উৎপাদনের ফলে দাম ও খুব কম থাকে। আবার অন্যান্য মৌসুমে টমেটোর দাম থাকে অসম্ভব চড়া। তাই তিনি খুব উন্নয়নের প্রশিক্ষণ নিয়ে একটি টমেটো সস ও একটি ক্যাচাপ তৈরির কারখানা স্থাপন করেন। যা সারা বছর ভোক্তার টমেটো জাতীয় চাহিদা পূরনে ফলপ্রসু ভূমিকা রাখবে এবং ব্যবসায় ও হবে। এ লক্ষ্যে তিনি নিজেকে প্রতিষ্ঠিত ব্যবসায়ী হতে তার গুনাবলী আছে কিনা তা স্বেচ্ছাপ্রণোদিত হয়ে আত্মবিশ্লেষনমূলক মূল্যায়ন করে সে অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের কার্যক্রম সম্পাদন করেন। ফলশ্রুতিতে দেখা যায় তার ব্যবসায়ে প্রথম বছর থেকে সাফল্যের মুখ দেখা শুরু করেন।

ক) সুযোগ সন্ধানী উদ্যোক্তা কাকে বলে? ১

খ) সকল উদ্যোক্তা ব্যবস্থাপক কিন্তু সকল ব্যবস্থাপক উদ্যোক্তা নয়-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে টমেটো সস কারখানা স্থাপনে উদ্যোক্তা হিসেবে মি: নিপুর কোন গুনটি বেশী প্রকাশিত হয়েছে–ব্যাখ্যা কর। ৩

ঘ) মি: নিপু আত্মবিশ্লেষনের পদক্ষেপ অনুসরণে ব্যবসায় কার্যক্রম গ্রহন করাই তার সফলতার অন্যতম কারন উক্তিটির সাথে তুমি কি একমত ? যুক্তিসহ মূল্যায়ন কর। ৪

৫। প্রীতু লিমিটেডে এ বছর থেকে প্রতিষ্ঠানের সকল কর্মচারী ও কর্মকর্তাদের জন্য বীমা সুবিধা চালু করা হলো। ঐ কার্যক্রমের ফলে কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দীপনা সৃষ্টি হয়। যা প্রতিষ্ঠানের মান সম্পন্ন লক্ষ্যপূরণে ব্যাপক ভূমিকা রাখবে বলে মালিক পক্ষ মনে করে।

ক) পদাবনতি কী? ১

খ) চাহিদার ভিন্নতা কর্মীদের প্রণোদনা প্রদানের ক্ষেত্রে বড় বাধা-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে প্রীতু লিমিটেডে মাস্লোর চাহিদা সোপান তত্ত্বের অনুসারে কোন ধরণের চাহিদা পূরণের কথা বলা হয়েছে-ব্যাখ্যা কর। ৩

ঘ) প্রীতু লিমিটেড হার্জবার্গের দ্বি উপাদান তত্ত্বের অনুসারে যে উপাদানে প্রয়োগিক সুবিধা প্রদান করা হয়েছে তা প্রতিষ্ঠানের লক্ষ্যপূরণে ব্যাপক ভূমিকা রাখতে পারে-বিশ্লেষণ কর। ৪

৬। মিঃ পিনু তার প্রতিষ্ঠানের জন্য বেশকিছু সাইকেলের যন্ত্রাংশ আমদানীর লক্ষ্যে ভারতের একটি যন্ত্রাংশ রপ্তানী কারক প্রতিষ্ঠানের সাথে ই-মেইলের মাধ্যমে যোগাযোগ করে ফরমায়েশ প্রদাণ করেন। কিন্তু রপ্তানী কারক প্রতি মাসের বিহারী ব্যবস্থাপক বাংলা ভাষার ই-মেইলের পাঠদ্ধোর করতে গিয়ে বাঙ্গালী বিক্রয় কর্মকর্তার শরণাপন্ন হয়। এবং পরবর্তীতে বিহারী ব্যবস্থাপক ফরমায়েশ অনুযায়ী সাইকেলের বিভিন্ন রকম যন্ত্রাংশ সরবরাহ করার ব্যবস্থা গ্রহণ করেন। কিন্তু এই সমাপ্ত কার্যক্রমে যোগাযোগ প্রক্রিয়া সঠিকভাবে অনুসরণে বাধা পরিলক্ষিত হওয়ায় মিঃ পিনু রপ্তানী কারককে ভবিষ্যত রপ্তানীতে সর্তক হওয়ার পরামর্শ দেন।

ক) যোগাযোগ কী? ১

খ) ব্যবসায় যোগাযোগের ফলে শিল্প সম্পর্কের উন্নয়ন ঘটে-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে রপ্তানীকারক প্রতিষ্ঠানের বিহারী ব্যবস্থাপক কর্তৃক বাঙ্গালী বিক্রয় কর্মকর্তার মাধ্যমে বাংলা ভাষার ই-মেইলের পাঠোদ্ধার যোগাযোগ প্রক্রিয়ার কোন উপাদান হিসেবে বিবেচনা করা হয়-ব্যাখ্যা কর। ৩

ঘ) পিনুর পরামর্শ অনুযায়ী ভবিষ্যত রপ্তানীতে সঠিকভাবে যোগাযোগ প্রক্রিয়া অনুসরণ কী অতীব গুরুত্ববহ? বিশ্লেষনপূর্বক মতামত দাও। ৪

৭। "ক" লিমিটেড কোম্পানী দেশের প্রচলিত আইনকানুন রীতিনীতি ও বিধি নিষেধ মেনে ব্যবসায় পরিচালনা করার মাধ্যমে কর সমূহ পরিশোধ করে থাকে। ফলে দেশের সর্বোচ্চ করদাতা হিসেবে সুনামের অধিকারী হয়। "খ" লিমিটেড কোম্পানী তাদের উপস্থিত মূনাফা থেকে প্রতিবছর গরীব ও মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের মাধ্যমে শিক্ষারমানোন্নয়নে ভূমিকা রাখে। প্রতিষ্ঠানটি এলাকার -- স্বাস্থ্য সুরক্ষা ও খেলাধুলা সহ শিল্প সংস্কৃতি বিকাশে উল্লেখযোগ্য ভূমিকা রাখে। ফলশ্রুতিতে উক্ত কোম্পানির সুনাম ও মূনাফা বৃদ্ধি সহজ হয়।

ক) সামাজিক দায়িত্ব কী? ১

খ) ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা জনকল্যানমূখী কার্যক্রম – ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে "ক" লিমিটেড ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতার কোন ক্ষেত্রটি প্রকল্পিত হয়েছে ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে "খ" লিমিটেডের কার্যক্রম যে ধরনের ব্যবসায়ের দায়বদ্ধতার ক্ষেত্র হিসেবে বিবেচিত, তা সুনাম ও মূনাফা বৃদ্ধিতে ভূমিকা রাখে– বিশ্লেষণ কর। ৪

৮। জনাব জনি দুবাই এর খেজুর বাগানে শ্রমিক হিসেবে প্রায় দশ বছর কাজ করেছেন। সম্প্রতি তিনি দেশে এসে প্রয়োজনীয় জমি কিনে একটি খেজুর বাগান প্রতিষ্ঠা করেন। এই দেশে আরবের খোরমা খেজুর এর প্রচুর চাহিদার কথা মাথায় রেখে জনাব জনি আর চাকুরির চিন্তা না করে নিজের কর্মসংস্থানসহ অনেক লোকের কর্মসংস্থানসহ অনেক লোকের কর্মসংস্থান সৃষ্টি করেন। মাত্র পাঁচ বছরে মাথায় তার বাগানে প্রচুর খেজুর উৎপাদন হয়। যার স্বাদ গন্ধ আরবের খেজুরের মত। ফলে অল্প সময়ে তাঁর খেজুর আকর্ষণীয় দামে বিক্রি হয়ে যায়। বর্তমানে জনাব জনি একজন প্রতিষ্ঠিত ব্যবসায়ী।

ক) সুযোগ সন্ধানী উদ্যোক্তা কাকে বলে? ১

খ) সকল উদ্যোক্তা ব্যবস্থাপক কিন্তু উদ্র্যোক্তা নয়-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে জনাব জনি কোন ধরণের উদ্যোক্তা-ব্যাখ্যা কর। ৩

ঘ) কর্মসংস্থানের ধরণের ভিত্তিতে জনাব জনির বাগান প্রতিষ্ঠার ব্যবসায়টি সমাজের জন্য অনুকরণীয় উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯। মিস্ তনু প্রশিক্ষণ নিয়ে একটি বুটিক কারখানা প্রতিষ্ঠার জন্য একাগ্র চিত্তে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। তিনি বিভিন্ন বাধা বিপত্তি ও আর্থিক ক্ষতি সম্ভাবনা সমস্ত কিছু মাথায় নিয়ে বুটিক কারখানা প্রতিষ্ঠায় ব্রতী হয়েছেন। তিনি বিভিন্ন সংস্থা,ব্যাংক, সরকারি ও সহায়তাকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় অর্থ থেকে শুরু করে লজিস্টিক সুবিধা আদায় এর মাধ্যমে বুটিক কারখানাটি চালু করে ফেলেন। বর্তমানে তাঁর কারখানাটি দেশের স্ব-নামধন্য বুটিক কারখানা হিসেবে সমাদৃত যার পণ্যের কদর ক্রেতাদের কাছে আকর্ষণীয়।

ক) অর্থসংস্থান কী? ১

খ) শিল্প স্থাপনে প্রশিক্ষণ সহায়ক ভূমিকা পালন করে ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে উদ্যোক্তা হিসেবে মিস তনুর কোন গুণটি অধিক প্রকাশিত হয়েছে-ব্যাখ্যা কর। ৩

ঘ) "নারী উদ্যোক্তা হিসেবে মিস্ তনুর কোন গুণটি অধিক প্রকাশিত হয়েছে-ব্যাখ্যা কর। ৪

১০। দেশে মসলার আমদানী নির্ভরশীলতা কমানোর জন্য সরকার ১% সুদের সহজ শর্তে কৃষকদের জন্য ঋণ সহায়তা প্রদানের ঘোষণা দিয়েছে। এতে ক্ষুদ্র চাষীরা এগিয়ে এলেও বৃহৎ বৃহৎ উৎপাদনকারীদের তেমন কোন সাড়া মিলেনি। ফলে কৃষি মন্ত্রণালয়ের সুপারিশে সরকার মসলা উৎপাদনকারীদের পাঁচ বছরের জন্য কর অবকাশ ঘোষণা করে। এই ঘোষণা বৃহৎ উৎপাদনকারীদের মধ্যে ব্যাপক সারা ফেলে দেয়। ফলশ্রুতিতে দেশে মসলার চাহিদার ৯০ ভাগ উৎপাদন সম্ভব হয়। যা অর্থনীতিতে বহুবিধ ভূমিকা রেখেছে।

ক) ব্যবসায়ে সহায়ক সেবা কী? ১

খ) বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা শিল্প স্থাপনে অবকাঠামোগত সহায়তা প্রদান করে-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে মসলার আমদানী নির্ভশীলতা কমানোর জন্য প্রথমে সরকার কোন ধরনের সহায়তা প্রদানের ঘোষণা দিয়েছে-ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে সরকারের যে ধরনের সহায়তার ঘোষণার ফলে দেশে সমসলার চাহিদা ৯০ ভাগ উৎপাদন হয়েছে তা অর্থনীতির জন্য মঙ্গলজনক-বিশ্লেষণ কর। ৪

১১। জনাব দিপু বিশাল এলাকা জুড়ে পৈত্রিক বাড়িতে স্থানীয় মহিলাদের নিয়ে একটি ক্ষুদ্র ও কুটির শিল্প স্থাপনে উদ্যোগী হয়। তিনি স্থানীয়, বেসরকারী উন্নয়নমুখী সংস্থা বা এনজিও থেকে প্রয়োজনীয় কারিগরী সহায়তা ও ঋণ নিয়ে নক্শি কাঁথা তৈরির কারখানা স্থাপন করেন। অল্প কিছুদিনের মধ্যে তাঁর প্রতিষ্ঠানে তৈরি কাঁথা ব্যাপক সুনাম অর্জন করেছে। বর্তমানে উৎপাদনের তুলনায় তার কাঁথার চাহিদা অনেক বেশি। তাই উৎপাদন মাত্রা দ্বিগুণ ভবিষ্যতে তিনি বিদেশে রপ্তানি কার্যক্রম গ্রহণ করতে চায়। এ লক্ষ্যে তিনি কাজ করতে দিয়ে জানতে পারেন, কাঁথা রপ্তানি করতে হলে অন্যান্য দলিলের পাশাপাশি তাকে দেশের ব্যবসায়ীদের দ্বারা গঠিত একটি অমুনাফাভোগী ঐচ্ছিক সংগঠন থেকে প্রভবলেখ দলিলটি সংগ্রহ করতে হবে। যার ফলে বিদেশি ক্রেতার পণ্য সর্ম্পকে যাবতীয় ধারণ পেয়ে পণ্যটি ক্রয়ে আগ্রহ সৃষ্টি হবে।

ক) মাইক্রো ক্রেডিক সৃষ্ট হবে। ১

খ) গ্রামীণ ব্যাংক সমাজের বিত্তহীন মানুষকে স্বাবলম্বী করার কাজে নিয়োজিত থাকে-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে জনাব দিপু দ্বিগুণে কাঁথা রপ্তানির জন্য কোন অমুনাফাভোগী সংগঠন থেকে প্রভাবলেখা সংগ্রহ করতে হবে? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে "জনাব দিপুর ব্যবসায়ীক সফলতার এনজিও এর ভূমিকা অপরিসীম" তুমি কি একমত? বিশ্লেষণ পূর্বক যুক্তি দেখাও। ৪